

পানি সম্পদ মন্ত্রণালয়
যৌথ নদী কমিশন, বাংলাদেশ
পানি ভবন (লেভেল-১০), ৭২ গ্রিন রোড, ঢাকা

নম্বর: ৪২.০৫.০০০০.০০০.০০০.০৭.০০৩২.১৫.৪৫০

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২০ মে ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

১৯৯৬ সনে স্বাক্ষরিত গঙ্গার পানি বন্টন চুক্তির আওতায় ২০২৫ সনের ০১ জানুয়ারি হতে ১০ মে পর্যন্ত বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গার পানি বন্টন সম্পর্কিত তথ্য ও উপাত্ত।

১২ ডিসেম্বর ১৯৯৬ তারিখে স্বাক্ষরিত গঙ্গার পানি বন্টন চুক্তি অনুযায়ী প্রতি বছর ০১ জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত দশ দিন-ওয়ারী চুক্তির সংলগ্ন ১-অনুযায়ী নিম্নবর্ণিতভাবে ফারাক্কায় লক গঙ্গার প্রবাহ ভারত ও বাংলাদেশের মধ্যে বন্টন করা হয়ঃ

ফারাক্কায় পানি প্রাপ্যতা	ভারতের অংশ	বাংলাদেশের অংশ
৭০,০০০ কিউসেক বা কম	৫০%	৫০%
৭০,০০০ কিউসেক থেকে ৭৫,০০০ কিউসেক	অবশিষ্ট প্রবাহ	৩৫,০০০ কিউসেক
৭৫,০০০ কিউসেক বা বেশী	৪০,০০০ কিউসেক	অবশিষ্ট প্রবাহ

তবে শর্ত আছে যে, বাংলাদেশ ও ভারত উভয়েই ১১ মার্চ থেকে ১০ মে সময়কালে একটি বাদ দিয়ে একটি দশ দিন-অনুক্রমে গ্যারান্টিযুক্তভাবে ৩৫,০০০ কিউসেক পানি পাবে। সে অনুসারে বাংলাদেশ ১১-২০ মার্চ, ০১-১০ এপ্রিল এবং ২১-৩০ এপ্রিল এ তিনটি দশ দিন-এ গ্যারান্টিযুক্ত ৩৫,০০০ কিউসেক গঙ্গার পানি পাবে। অন্যদিকে ভারত ২১-৩১ মার্চ, ১১-২০ এপ্রিল এবং ০১-১০ মে এ তিনটি দশ দিন-এ গ্যারান্টিযুক্ত ৩৫,০০০ কিউসেক গঙ্গার পানি পাবে। ২০২৫ সনের ০১ জানুয়ারি হতে বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯৬ সনের চুক্তির উপরোক্ত সূত্রমতে ফারাক্কায় গঙ্গার পানি বন্টন কার্যক্রম শুরু হয়েছে। ০১ জানুয়ারি হতে ১০ মে পর্যন্ত ভারত ও বাংলাদেশ যে পরিমাণ গঙ্গার পানি পেয়েছে তার উপাত্ত নিম্নরূপঃ

(পানির পরিমাণ কিউসেকে)

সময়	ফারাক্কায় প্রাপ্ত গঙ্গার পানির মোট পরিমাণ	চুক্তির সংলগ্ন-১ এর বন্টন ফর্মুলা অনুযায়ী				বাংলাদেশের হার্ভিজ সেতু পয়েন্টে প্রাপ্ত পরিমাণ	
		ফারাক্কায় প্রাপ্য বাংলাদেশের হিস্যা	ফারাক্কায় প্রাপ্ত বাংলাদেশের পরিমাণ	ফারাক্কায় প্রাপ্য ভারতের হিস্যা	ফারাক্কায় প্রাপ্ত ভারতের পরিমাণ		
জানুয়ারি	০১-১০	৯৬,৭০০	৫৬,৭০০	৫৬,৭০০	৪০,০০০	৪০,০০০	৬৯,৬৪৩
	১১-২০	৯৪,৫৬৭	৫৪,৫৬৭	৫৪,৫৬৭	৪০,০০০	৪০,০০০	৬৪,১৮৬
	২১-৩১	৯২,৫৬২	৫২,৫৬২	৫২,৫৬২	৪০,০০০	৪০,০০০	৬৪,৬৭২
ফেব্রুয়ারি	০১-১০	৮৮,৪০৮	৪৮,৪০৮	৪৮,৪০৮	৪০,০০০	৪০,০০০	৫৯,২০২
	১১-২০	৭৬,৬৮২	৩৬,৬৮২	৩৬,৬৮২	৪০,০০০	৪০,০০০	৪৯,৯৮৪
	২১-২৮	৬৯,৩৩৬	৩৪,৬৬৮	৩৪,৬৬৮	৩৪,৬৬৮	৩৪,৬৬৮	৪২,৮৮৬
মার্চ	০১-১০	৬৫,৮১২	৩২,৯০৬	৩২,৯০৬	৩২,৯০৬	৩২,৯০৬	৪১,২৫৭
	১১-২০	৬২,০৬৯	৩৫,০০০	৩৫,০০০	২৭,০৬৯	২৭,০৬৯	৪১,৬৬৫
	২১-৩১	৫৯,২৫২	২৪,২৫২	২৪,২৫২	৩৫,০০০	৩৫,০০০	৩৪,৩৬৭
এপ্রিল	০১-১০	৬১,৪০৯	৩৫,০০০	৩৫,০০০	২৬,৪০৯	২৬,৪০৯	৩৮,৭৩০
	১১-২০	৬১,৮৪৪	২৬,৮৪৪	২৬,৮৪৪	৩৫,০০০	৩৫,০০০	৩৬,৩৭৮
	২১-৩০	৬৫,৪৪১	৩৫,০০০	৩৫,০০০	৩০,৪৪১	৩০,৪৪১	৪০,০৯৭
মে	০১-১০	৬০,৪৩৭	২৫,৪৩৭	২৫,৪৩৭	৩৫,০০০	৩৫,০০০	৩৫,১৮২

প্রাপকঃ BSS/UNB/দৈনিকইত্তেফাক/জনকণ্ঠ/প্রথম আলো/সংবাদ/ বাংলাদেশ প্রতিদিন/ইনকিলাব/দিনকাল/সমকাল/যুগান্তর/কালের কণ্ঠ/নয়াদিগন্ত/ভোরের কাগজ/যায় যায় দিন/সকালের খবর/ মানবজমিন/ আমাদের সময়/The Daily Star/The Independent/The New Nation/ The Financial Express/ The News Today/ The DhakaTribune/ Daily Sun/Somoy TV/New Age/BTV) JRC web site: www.jrcb.gov.bd